

বসন্তে

-সাধন সরকার

(১৯৭৮)

ছিন্ন পাতা
ঝরা পাতা
শুকনো পাতা
পড়ে আছে।
মাঠে ঘাটে পথের বাঁকে হেথা হোথা
বৃক্ষ শাখে
কোকিল ডাকে
যখন, তখন
ডালে ডালে ফুল ফুটেছে আগের মতন।
তুমি আছ
আমি আছি
শূন্য ধরি।
আমরা দুজন শূন্য দিয়েই হৃদয় ভরি।
এই বসন্তে
শূন্য হাতে
প্রাসাদ গড়ি
মিলন- বাসর শূন্য দিয়েই শেষ যে করি।।

---**---